

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২০৮

পর্ব ২১: খাদ্য (ইআন । كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الْفَصْلُ الثَّانِي

### আরবী

وَعَن سلمانَ قَالَ: قَرَأْتُ فِي التَّوْرَاةِ أَنَّ بَرَكَةَ الطَّعَامِ الْوُضُوءُ بَعْدَهُ فَذَكَرْتُ ذَلِكَ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «بَرَكَةُ الطَّعَامِ الْوُضُوءُ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «بَرَكَةُ الطَّعَامِ الْوُضُوءُ قَبْلَهُ وَالْوُضُوءُ بعدَه» . رَوَاهُ التِّرْمِذِيِّ وَأَبُو دَاؤُد

#### বাংলা

8২০৮-[৫০] সালমান (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি তাওরাতে পড়েছি, খাওয়ার পরে উযু করলে খাদ্যের মধ্যে বারাকাত হাসিল হয়। এ কথাটি আমি (কোন এক সময়) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জানালাম, তখন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ খাবারের বারাকাত খাওয়ার পূর্বে উযু করা এবং তার পরে উযু করা। (তিরমিয়ী ও আবূ দাউদ)[1]

## ফুটনোট

[1] য'ঈফ: তিরমিয়ী ১৮৪৬, আবূ দাউদ ৩৭৬১, য'ঈফ আল জামি' আস্ সগীর ২৩৩১, সিলসিলাতুয্ য'ঈফাহ্ ১৬৮, য'ঈফ আত্ তারগীব ওয়াত্ তারহীব ১৩০৫, মুসনাদে আহমাদ ২৩৭৩৩।

হাদীসটি য'ঈফ রাবী আছেন, তাহক্বীক মুসনাদে আহমাদ ২৩৭৮৩; ইমাম তিরমিযী (রহিমাহুল্লাহ)-ও কইস ইবনু রবী'-কে য'ঈফ বলেছেন। দেখুন- তিরমিযী ১৮৪৬ নং হাদীসটির আলোচনা দ্রঃ।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (بَرَكَةُ الطَّعَامِ الْوُضِوُءُ قَبْلَةُ وَالْوُضُوءُ بَعْدَهُ) "খাওয়ার পূর্বে উয়্ করা ও তার পরে উয়্ করাতে বারাকাত রয়েছে"। খাওয়ার পূর্বে উয়্ করা দ্বারা দুই হাত ধৌত করা উদ্দেশ্য। অনুরূপভাবে খাওয়ার পরে দুই হাত এবং মুখ ধৌত করা যাতে হাত ও মুখ থেকে চর্বি দূর হয়ে যায়। সালমান (রাঃ)-এর প্রশ্নের জওয়াবে রস্লুল্লাহ



সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কথার মধ্যে এটা ইঙ্গিত হতে পারে যে, তাওরাতেও খাওয়ার পূর্বে ও পরে হাত ধৌত করার কথা ছিল কিন্তু ইয়াহূদীগণ তা পরিবর্তন করে শুধু পরের কথা বলেছে পূর্বের কথা বলেনি অথবা এটাও হতে পারে যে, খাওয়ার পূর্বে হাত ধৌত করা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর শারী আতের বিধান যা পূর্ববর্তী শারী আতের বিধান নয়। খাওয়ার পূর্বে হাত ধৌত করার হিকমাত এই যে, কর্মে নিযুক্ত থাকার ফলে হাত ময়লাযুক্ত হয়ে যায়, ধৌত করার ফলে ঐ ময়লা দূর হয়ে হাত পবিত্র ও পরিষ্কার হয়। তাই আগে হাত ধুয়ে নিবে। অতঃপর যে খাদ্য গ্রহণ করবে তাতে তৃপ্তিও লাগবে এবং তা সহজেই পরিপাক হবে। (মিরক্বাতুল মাফাতীহ; তুহফাতুল আহ্ওয়ায়ী ধেম খন্ড, হাঃ ১৮৪৬)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ সালমান ফারসী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন